ভোরের কাগজ

আজকের কাগজ

JUN. 1 0 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# রাঙ্গামাটির ৮৩ জন প্রাথমিক শিক্ষকের বেতন বন্ধের বিষয়ে হাইকোর্টের নির্দেশ

রাঙ্গামাটি প্রতিনিধি : রাঙ্গামাটি জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৮৩ জন শিক্ষকের বেতনভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান বন্ধ রাখার আদেশ কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত এবং আইনগত কার্যকারিতাবিহীন মর্মে ঘোষণা করা হবে না তার কারণ দর্শানোর জন্য হাইকোর্টের একটি ডিভিশন বেঞ্চ পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রণালয়ের সচিব, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান ও রাঙ্গামাটি জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা প্রতি রুলনিশি জারি করেছে।

বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে অরূপ কুমার মুৎসুদ্দীর দায়ের করা রিট আবেদনের পরিপ্রেক্ষিত মাননীয় বিচারপতি এম এ আজিজ ও মোঃ শামসুল হুদার সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ গত ২৪ মে উক্ত রুলনিশি জারি করেন এবং সংশ্লিষ্টদের ৪ সপ্তাহের মধ্যে এর জবাবদানের নির্দেশ দেন। আদালত এই রুল বিবেচনাধীন থাকা অবস্থায় বাদীর চাকরি বহাল রাখার এবং তাকে হাজিরা খাতায় স্বাক্ষর করার সুযোগদানের নির্দেশ দেয় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে।

উল্লেখ্য, শিক্ষকরা তাদের বেতনভাতা ও চাকরি নিয়ে সৃষ্ট জটিলতার বিষয়ে বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার শরণাপন্ন হলে সংস্থার পরামর্শে নবনিযুক্ত শিক্ষক-শিক্ষিকা অধিকার বাস্তবায়ন কমিটির আহ্বায়ক অরূপ কুমার মুৎসুদ্দী হাইকোর্টে রিট পিটিশন দাখিল করেন। নির্ধারিত বেঞ্চে পিটিশনটি পেশ করেন মানবাধিকার বাস্তবায়ন সংস্থার মহাসচিব এডভোকেট সিগমা হুদা। তাকে সহায়তা করেন এডভোকেট আমানুর রহমান।